তারিখ 25 SEP 2016
পৃষ্ঠা ৩ কলাম ৪

যুগান্তর

## ধোবাউড়ায় ছাত্রীকে ধর্ষণের চেষ্টা শিক্ষক পলাতক

ধোবাউড়া (ময়মনসিংহ) প্রতিনিধি

ধোবাউড়া আদর্শ মহিলা মাদ্রাসার এক ছাত্রীকে ধর্ষণের চেষ্টা করেছে ওই মাদ্রাসার শিক্ষক জসিম উদ্দিন। এরপর থেকে মাদ্রাসা শিক্ষক জসিম উদ্দিন পলাতক রয়েছে। এ ঘটনায় এলাকায় তোলপাড় চলছে। ক্ষোভে এলাকাবাসী মাদ্রাসাটি বন্ধ করে দিয়েছে। এলাকাবাসী জানায়, শনিবার সকালে ধোবাউড়া আদর্শ মহিলা মাদ্রাসার শিক্ষক জসিম উদ্দিন এক ছাত্রীকে তার অফিসকক্ষে ডেকে আনেন। এ সময় ঘরের দরজা বন্ধ করে ওই ছাত্রীকে ধর্ষণের চেষ্টা করে। আশপাশের লোকজন টের পেয়ে গেলে পালিয়ে যায় শিক্ষক জসিম উদ্দিন। মাদ্রাসায় অধ্যয়নরত কয়েকজন ছাত্রী অভিযোগ করেন, হুজুর প্রায়ই আমাদের সঙ্গে এমন করেন। আমরা ভয়ে কিছু বলতে পারি না। স্থানীয়রা অভিযোগ করেন মাঝে মাঝে রাতে অনেক ছাত্রীকে কান্না করে বাড়িতে যেতে দেখা যায়। এ ব্যাপারে ধোবাউড়া থানার ওসি শওকত আলম বলেন, তদন্ত করে ব্যবস্থা নেয়া হবে।

## মদনে পরীক্ষার কেন্দ্র স্থানান্তরের প্রতিবাদে অবরোধ বিক্ষোভ

মদন (নেত্রকোনা) প্রতিনিধি

নেত্রকোনার মদন সরকারি হাজী আবদুল আজিজ খান ডিগ্রি কলেজের ডিগ্রি (পাস) পরীক্ষার কেন্দ্র ভেনু জোবাইদা রহমান মহিলা কলেজের পরিবর্তে তেলিগাতী ডিগ্রি কলেজে স্থানান্তর করার প্রতিবাদে শিক্ষার্থীরা শনিবার সড়ক অবরোধ, বিক্ষোভ মিছিল ও সমাবেশ পালন করেছে। ঘন্টাব্যাপী সড়ক অবরোধ করে রাখায় মদন-নেত্রকোনা সড়কের দু'পাশে ৩ কিমি. যানজটের সৃষ্টি হয়। এতে যাত্রী সাধারণ যাতায়াতে চরম দুর্ভোগে পড়েন। বিক্ষোভ মিছিল শেষে উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ের সামনে সমাবেশে বক্তব্য রাখেন প্রভাষক মুহাম্মদ আজিজুল হক, মেহেদী হাসান পরাগ, জসিম ভূইয়া, মোস্তাফিজুর রহমান, আদনান হাসান টিপু, শেখ মেহেদী হাসান পরশ প্রমুখ।